# PS + YOU

চ্যান্সেলর **মেলিসা অ্যাভিলেস্-রামোস**-এর কাছ থেকে একটি নিউজলেটার








## একটি রূপান্তরকারী বছর ফিরে দেখা

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

একজন শিক্ষক, প্রিন্সিপাল, এবং ডিস্ট্রিক্টের লিডার হিসেবে দায়িত্ব পালন করার সময় আমি সব সময় শিক্ষা বছরের শেষে—উভয়, আমরা কী অর্জন করেছি এবং সামনে কী অপেক্ষা করছে তা প্রতিফলন করতে সময় নিয়েছি। বর্তমানে, চ্যান্সেলর হিসেবে, আমি একই কাজ করার জন্য উদগ্রীব হয়ে আছি। আমি শিক্ষার্থী, কর্মী, ও পরিবারদের এই অসাধারণ কমিউনিটিকে নেতৃত্ব দিতে পেরে সম্মানিত, এবং আমরা যখন 2024-2025 শিক্ষা বছরের সমাপ্তিতে পৌঁছুচ্ছি, তখন আমাদের উদ্‌যাপন করার মতো অনেক কিছু রয়েছে, সেজন্যে আমি আনন্দিত।

এই বছর, আমরা এনওয়াইসি রিডস্ (NYC Reads) এবং এনওয়াইসি সলভ্স্ (NYC Solves)-এর মাধ্যমে আমাদের সিটি জুড়ে সাক্ষরতা ও গণিত শিক্ষা-নির্দেশনা রূপান্তর করা অব্যাহত রেখেছি। আমরা আমাদের শিক্ষাবিদদের নজিরবিহীন পর্যায়ের কোচিং ও প্রশিক্ষণ প্রদান করছি, যারা আমাদের প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী ও বহুভাষী শিক্ষার্থী সহ, সকল শিক্ষার্থী যেন প্রতিদিন উচ্চ-মানসম্পন্ন, কঠোর, অংশগ্রহণমূলক শিক্ষা-নির্দেশনা পায় তা নিশ্চিত করতে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজটি করছেন।

এছাড়াও আমরা আমাদের সিগনেচার ফিউচাররেডিএনওয়াইসি (FutureReadyNYC) প্রোগ্রামে আরও স্কুল এবং ক্যারিয়ারের জন্য পথ-পরিক্রমা যোগ করে স্টুডেন্ট প্যাথওয়েজ সম্প্রসারণ করেছি। এই বছর 15,000-এর বেশি

শিক্ষার্থী ফিউচাররেডিএনওয়াসি-তে (FutureReadyNYC) অংশগ্রহণ করেছে, এবং গত দুই বছর, আমাদের শিক্ষার্থীরা কর্ম-ভিত্তিক শেখার মাধ্যমে $18 মিলিয়নের বেশি আয় করেছে!

এছাড়াও, আমরা NYCPS কেয়ার্স (Cares) চালু করেছি, এটি উভয়, শিক্ষার্থী ও পরিবারের সার্বিক বিষয়ে সহায়তা দেয়ার লক্ষ্যে একটি নতুন উদ্যোগ। এই কাজের অংশ হিসেবে, আমরা 1,000-এর বেশি ফ্যামিলি কানেক্টরদেরকে (পরিবারের সাথে সংযোগকারী) তাদের কমিউনিটিতে আস্থাভাজন বার্তাবাহক হিসেবে পরিষেবা দিতে এবং সিটির তথ্য-সংস্থানের সাথে পিতামাতা ও অভিভাবকদেরকে সংযুক্ত করার জন্য প্রশিক্ষণ দিচ্ছি। এবং সেটা হলো সূচনা মাত্র—বিভিন্ন সাফল্যের সারসংক্ষেপের জন্য আমাদের ওয়েবসাইট, schools.nyc.gov/24-25YearInReview - দেখুন।

আমাদের সামনেও প্রচুর কাজ রয়েছে। এই ফল (হেমন্ত) থেকে শুরু করে, এনওয়াইসি রিডস্ (NYC Reads) ও এনওয়াইসি সলভ্‌স্ (NYC Solves) আরও 186-টি স্কুলে সম্প্রসারিত হবে, এবং এই প্রথমবারের মতো মিডল্ স্কুলগুলোতে NYC রিডস্ চালু হবে। ফিউচাররেডিএনওয়াইসি (FutureReadyNYC) আরও 50-টি স্কুলে পরিষেবা সম্প্রসারণ করবে, এবং আমরা সাতটি নতুন স্কুল খুলবো, এতে অন্তর্ভুক্ত নর্থওয়েল স্কুল অভ হেলথ্ সায়েন্সেস এবং HBCU আর্লি কলেজ প্রেপ।

এছাড়াও আমরা ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস করতে; আরও 3,700 জন শিক্ষক নিয়োগে অর্থায়ন করছি; প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ সহ 3-K ও প্রি-K সম্প্রসারিত ও শক্তিশালী করছি; অটিস্টিক শিক্ষার্থীদের জন্য আমাদের উদ্ভাবনী বিশেষায়িত প্রোগ্রামগুলো বৃদ্ধি করছি; আমাদের সদ্য আগত নিউ ইয়র্কবাসীদেরকে উষ্ণ অভ্যর্থনা জানানো অব্যাহত রেখেছি; এবং আরও অনেক কিছু।

আমি গুরুত্ব দিয়ে বলতে চাই যে, এই কাজে বহু মানুষের প্রয়াশ যুক্ত: স্টাফ, পরিবার, কমিউনিটি সংগঠন, নির্বাচিত কর্মকর্তা, এবং পাঁচ বরো জুড়ে নিউ ইয়র্কবাসী। তাই আমি একযোগে কাজ করা, সংশ্লিষ্টতা, এবং নিবেদিত প্রাণের জন্য আপনাদের—NYCPS-এর সবাইকে—ধন্যবাদ জানাতে চাই।

আমাদের পরিবারদের প্রতি: NYC পাবলিক স্কুল বেছে নেয়ার জন্য ধন্যবাদ। আমরা আপনাদের অংশীদারিত্বকে অত্যন্ত মূল্য দিই। এছাড়াও আমি আমাদের কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল, চ্যান্সেলরস্ প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন/প্যারেন্ট অ্যাসোসিয়েশন, স্কুল লিডারশিপ টিম/ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, টাইটেল I (ওয়ান) প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলসমূহ, NYC রিডস্ অ্যাম্বাস্যাডর, এবং ফ্যামিলি কানেক্টরগণ সহ আমাদের পরিবার ও কমিউনিটির স্বেচ্ছাসেবক ও নেতৃবৃন্দকে ধন্যবাদ দিতে চাই।

আমাদের কর্মীদের প্রতি: প্রতিটি দিন আমাদের শিক্ষার্থীদের প্রতি আপনাদের নিবেদিত প্রাণের জন্য ধন্যবাদ। প্রতিটি দিন, প্রতিটি গ্রেড স্তরে, এবং সকল ডিস্ট্রিক্ট ও বরো জুড়ে আপনারা তাদের জন্য একটি উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তুলছেন।

যদিও শিক্ষা বছর শেষ হয়ে যাচ্ছে, কাজ অব্যাহত রয়েছে। আমরা যে শিক্ষা বছরটি অতিবাহিত করেছি তার জন্য আমি গর্বিত এবং আগামী বছরটি যা নিয়ে আসবে তার জন্য উদ্দীপ্ত। আশা করছি আপনারাও তাই।

অংশীদারিত্বে,
মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর

**আমাদের হাইলাইট ভিডিওসমূহ:**



*আমাদের শিক্ষার্থীদের বক্তব্য শুনুন: বর্ষশেষ স্মৃতিচারণ*

অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব](#) পেজ দেখুন।




*মেয়র অ্যাডামস্-এর (Adam) বক্তব্য শুনুন: একটি নতুন ফাইন্যানশিয়াল লিটারেসি (আর্থিক সাক্ষরতা) উদ্যোগ*

অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের **ইউটিউব** পেজ দেখুন।

**NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:**

- বিভিন্ন সংবাদ এবং তথ্য-সংস্থানের জন্য, দ্যা মর্নিং বেল দেখুন অথবা অনলাইনে ফেসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব-এ ক্লিক করুন।